গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, লালমনিরহাট

জানুয়ারি/২০২০ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আবু জাফর জেলা প্রশাসক
সভার তারিখ	১৯/০১/২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ০৩:০০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লালমনিরহাট সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহারের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে সরকার "ভিশন ২০২১: ডিজিটাল বাংলাদেশ" ঘোষণা করেছে। সরকারের এই ঘোষণা অনুসারে দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার, প্রয়োগ ও প্রসারের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কাজ করে যাচ্ছে। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	**কমিটিতে সদস্য কো-অপ্ট সংক্রান্তঃ**	সভপতি মহোদয়ের অনুমতি ক্রমে আইসিটি কমিটিতে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সহকারী কমিশনার (আইসিটি) কে কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব, জেলা আইসিটি কমিটি
২	**ওয়েব পোর্টাল সংক্রান্তঃ**	জেলার সকল সরকারি প্রতিষ্ঠানের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার জন্য জেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট অফিস প্রধান/ কর্মকর্তাগণ, লালমনিরহাট।
		(খ) ইউনিয়ন ও উপজেলা পোর্টালে তথ্য বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করার বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট কে নির্দেশ দেয়া হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৩	**ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ**	জেলা ও উপজেলা পর্যায়ে অনেক অফিসই নথিতে থাকার পরও কাজ না করার ই-ফাইল (নথি)তে এ জেলার র‍্যাঙ্কিং-এ উন্নতি হচ্ছে না। জেলা পর্যায়ে সহ যেসকল প্রতিষ্ঠান লাইভে আছে, সেসকল প্রতিষ্ঠানের সাথে ই-ফাইলিং সিস্টেমে চিঠি পত্র আদান-প্রদান বাড়াতে হবে। সভাপতি এ জেলার যেসকল অফিস নথি র‍্যাঙ্কিং এ ভাল অবস্থানে আছে তাদেরকে ধন্যবাদ জানান এবং আরো ভাল করার তাগিদ প্রদান করেন	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট

৪	**ইন্টারনেট কানেক্টিভিটি সংক্রান্ত:**	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলা গভঃনেট ও ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী দপ্তরে নেটওয়ার্ক কানেকটিভিটি স্থাপন করা হয়েছে এবং ইনফো-সরকার-৩ প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে নেটওয়ার্ক কানেকটিভিটি স্থাপনের কাজ চলমান রয়েছে। সভাপতি নেটওয়ার্ক কানেকটিভিটি সচল রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	প্রোগ্রামার/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
৫	**শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন বিষয়ক তথ্য:**	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত জেলার সকল ল্যাব সমুহ সরেজমিন পরিদর্শন করে ল্যাবের ক্যাটাগরী, বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন সভায় পেশ করা হয়। সভাপতি ল্যাবসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ ও রক্ষণাবেক্ষণের তাগিদ প্রদান করেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৬	**মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শন সংক্রান্তঃ**	জেলা শিক্ষা অফিসার জেলার মাল্টিমিডিয়া ক্লাসরুম সমুহ নিয়মিত পরিদর্শন করে মাল্টিমিডিয়া ক্লাসরুম সমুহ যেন যথাযথ উদ্দেশ্যে ব্যবহৃত হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
৭	**ইউডিসি উদ্যোক্তা নিয়োগ সংক্রান্তঃ**	(ক)ইউডিসির কার্যক্রমকে সচল ও বেগবান রাখা এবং এ কার্যক্রমে আয় ও সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে কি কি সেবা প্রদান করা হয় তা বহুল প্রচারের ব্যবস্থা হিসাবে ক্যাম্পেইন এর আয়োজন করতে হবে। (খ) ইউডিসি উদ্যোক্তার পদ শূন্য হওয়া মাত্র উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) উদ্যেক্তা দের ভেন্ডর লাইসেন্স সংগ্রহ করতে হবে। যেসকল উদ্যেক্তা ভেন্ডর লাইসেন্স সংগ্রহ করার জন্য আবেদন করেছেন, আবেদনের তথ্য সংগ্রহ করে তাদের দ্রুত ভেন্ডর লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) প্রতি উপজেলার ইউনিয়ন সমুহে উদ্যেক্তাদের হালনাগাদ তথ্য সংগ্রহ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার লালমনিরহাট।
৮	**সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ**	সভাপতি সকল অফিসে সরকারি ইমেইল ব্যবহারের পরামর্শ প্রদান করেন এবং মাঠ পর্যায়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের জন্য যোগাযোগ রক্ষায় প্রত্যেক অফিসে ই-মেইল সংরক্ষণ এবং তা ব্যবহারের নির্দেশনা প্রদান করেন।	জেলা/উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট।
৯	**উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ**	প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা করে কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলা হতে কার্যবিবরণী পাওয়ার লক্ষ্যে টেলিফোনে যোগাযোগ করে তাগিদ প্রদান করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল),/ সহকারী কমিশনার, আইসিটি শাখা লালমনিরহাট।
১০	**জেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্যঃ**	সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিত করেন যে, এমাসে কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। সভাপতি প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখার বিষয়ে পরামর্শ প্রদান করেন।	সহকারী কমিশনার (আইসিটি), লালমনিরহাট।
১১	**জনসেবায় সামাজিক যোগাযোগ মাধ্যম এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:**	সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ মোতাবেক প্রত্যেকটি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক সামাজিক যোগাযোগ মাধ্যম আইডি পরিচালনা করতে পারে।	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট।

পরিশেষে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দের নিকট ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভিশন-২০২১ বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু জাফর
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৫২০০.০০০.০৬.০০১.১৯.১২

তারিখ: ২১ মাঘ ১৪২৬
০৪ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী ও মাননীয় উপদেষ্টা, জেলা আইসিটি কমিটি, লালমনিরহাট মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট
৬) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৭) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৮) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট
৯) উপপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট
১০) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট
১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট
১২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমনিরহাট
১৩) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট
১৪) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, লালমনিরহাট
১৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, লালমনিরহাট
১৬) নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), গণপূর্ত বিভাগ, লালমনিরহাট
১৭) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, লালমনিরহাট
১৮) জুনিয়র সহকারী ম্যানেজার, বিটিসিএল, লালমনিরহাট
১৯) প্রতিনিধি, লালমনিরহাট সরকারি কলেজ
২০) প্রতিনিধি, মজিদা খাতুন মহিলা কলেজ, লালমনিরহাট
২১) প্রধান শিক্ষক, লালমনিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়
২২) অধ্যক্ষ, সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট
২৩) সহকারি নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো-সরকার-৩ প্রকল্প
২৪) প্রশাসনিক পরিচালক, এলআইএসটি, লালমনিরহাট
২৫) সত্বাধিকারী, পারস্পেক্টিভ ডিজাইন লিঃ, লালমনিরহাট
২৬) আইসিটি শিক্ষক, মজিয়া সোবহান ইসলামিয়া স্কুল, লালমনিরহাট
২৭) পরিচালক, মোস্তফা আউটসোর্সিং, লালমনিরহাট

মোঃ আবু জাফর
জেলা প্রশাসক